# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৩য় মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা নাসরীন,প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৮ আগস্ট ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, জুলাই-২০২৪ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আন্তঃ বিভাগে মোট ভর্তি রোগী ৭৭২ জন,জরুরী বিভাগে সেবা প্রদান করা হয় ১৬৭৮ জন, বহিঃ বিভাগে সেবা প্রদান করা হয় ৮৫৯৪ জন। হাসপাতালে মোট ডেলিভারী রোগীর সংখ্যা ৫৮ জন। চক্ষু কর্ণারে সেবা প্রাপ্ত মোট ১২০০ রোগীকে সেবা দেওয়া হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, অত্র উপজেলার পরিস্থিতি স্বাভাবিক এবং প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান, কানাইঘাট থানা পুকুরে কোন ধরণের সিঁড়ি বা ঘাটলা নাথাকার কারণে পুলিশ সদস্যরা গোসল করতে খুবই সমস্যা হচ্ছে। জরুরী ভিত্তিতে পুলিশ সদস্যদের গোসল ও অজু করার স্বার্থে একটি সিঁড়ি বা ঘাটলা নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। | উন্নয়ন কর্মসূচী (এডিপি) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কানাইঘাট থানা পুকুরে একটি সিঁড়ি বা ঘাটলা নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা ও উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৩০ টি। নিয়মিত কমিটি বিলুপ্ত করে এডহক কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে এডহক কমিটি গঠন করার কাজ শুরু করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, এইচএসসি/আলিম-২০২৪ ইতিমধ্যে বাতিল হয়েছে। ২০২২ সালের ডিগ্রী ২য় বর্ষ পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিকভাবে শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করে। | মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, পাহাড়ী ঢলে আকস্মিক বন্যায় ভেঙ্গে যাওয়া ছোট-বড় রাস্তাগুলোর কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ব (এডিপি) হতে উপজেলায় বন্যায় ভেঙ্গে যাওয়া ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত বাবদ ২,৭৩,২,১০০/- টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। কিন্তু বারবার বন্যা আসার কারনে বন্যায় ভেঙ্গে যাওয়া ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো মেরামত করা যায়নি। ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দ দিয়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে উক্ত প্রকল্পের কাজ শুরু করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরোও জানান যে, উপজেলা পরিষদের ভিতরে ছায়াবিথী কোয়ার্টার মেরামত করণ বাবদ =১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ) টাকার প্রকল্প ও পায়রা কোয়ার্টার মেরামত করণ বাবদ = ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কলনগুলো অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়ন পরিষদ সভায় জানান, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের ভিতরে পুরাতন একটি ভবন রয়েছে। জরুরী ভিত্তিতে ভবনটি অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। | ক) বন্যায় ভেঙ্গে যাওয়া রাস্তাগুলো হিত কাজ তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহয়।<br>খ) বারবার বন্যার কারণে ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ব (এডিপি) এর বরাদ্দ দ্বারা উপজেলায় বন্যায় ভেঙ্গে যাওয়া বিভিন্ন ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত বাবদ = ২,৭৩,১০০/- টাকার প্রকল্পের কাজ করা হয় নাই। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে উক্ত প্রকল্পের কাজ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা পরিষদের ভিতরে ছায়াবিথী কোয়ার্টার মেরামত করণ বাবদ = ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ) টাকার প্রকল্প ও পায়রা (খ) কোয়ার্টার মেরামত করণ বাবদ = ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রকল্পের প্রাক্কলন অনুমোদন করা হলো।<br>ঘ) ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের ভিতরে পুরাতন ভবনটি জরুরী ভিত্তিতে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে প্রায় ১১২৫৫ হেক্টর জমিতে রোপা আমন ধান রোপন করা হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে কানাইঘাট উপজেলার লক্ষ্যমাত্রা ১৫৬৩৪ হেক্টর অর্জিব হবে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান যে, অত্র উপজেলার ডিলারগণের নিকট বীজ ও সার পর্যাপ্ত মজুদ রয়েছে।<br>এছাড়াও প্রণোদনা কর্মসূচীর আওতায় ৮০৯আশি) জন কৃষককে মাসকালাই ও ৩০(ত্রিশ) জন কৃষককে পেঁয়াজের বীজ ও সার প্রদান করা হয়েছে। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অথ বছরের রাজস্ব কর্মসূচীর আওতায় পোনামাছ অবমুক্তি করণের নিমিত্তে রুই জাতীয়(রুই,কাতলা,মৃগেল,গনিয়া,কালি বাউশ) ১০-১৫ সেঃমিঃ আকারে মাছের জীবন্ত পোনামাছ এর কারিগরি বিনিদেশ ও চাহিদা মোতাবেক প্রতি কেজি পোনামাছের মূল্য-৩৮০.০০(তিনশত আশি) টাকা মাত্র দর হারে অত্র কানাইঘাট | উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলার প্রাপ্ত বরাদ্দ মোট = ১,৭০,০০০ ০০(এক লক্ষ সত্তর হাজার)টাকার মোট = ৪৪৮(চারশত আটচল্লিশ)কেজি পোনামাছ সরকারি মৎস্য খামার (হ্যাচারি কর্মকর্তা,কাপ হ্যাচারি কমপ্লেক্স,কুর্মি,নবীগঞ্জ,হবিগঞ্জ) এর নিকট হতে সংগ্রহ/ক্রয় করা হয়। সংগ্রহ/ক্রয়কৃত মোট = ৪৪৮(চারশত আটচল্লিশ)কেজি পোনামাছ অত্র উপজেলার মুক্ত জলাশয় খাস জলমহাল(নক্ষার হাওর),কানাইঘাট,সিলেট এ আগামী ২৮-০৮-২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার পোনা অবমুক্ত করা হবে বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাণিসম্পদ বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরের বরাদ্দের কোন দিক নির্দেশনা নেই। বর্তমানে ঢেউ টিন ০৮(আট) বান্ডিল রয়েছে সেগুলো বিতরণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরোও জানান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ত্রাণ গুদামের মেরামত করা হবে। কিন্তু ত্রাণ গুদামের ভিতরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পুরাতন কিছু বই থাকার কারণে গুদাম মেরামতের কাজ শুরু করা যাচ্ছে না। জরুরী ভিত্তিতে বইগুলো অন্যত্র নিয়ে যাওয়ার জন্য সভায় প্রস্তাব করে। | ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট এ বিভিন্ন ইউনিয়ন হতে ঢেউ টিনের আবেদনগুলো আসছে সেগুলো যাচাই-বাছাই পূর্বক বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ত্রাণ গুদামের ভিতরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের পুরাতন বইগুলো জরুরী ভিত্তিতে অন্যত্র সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার পরিবার পরিকল্পনা অধিদপ্তরে জনবল সংকট থাকা সত্ত্বেও আমরা আমাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছি। মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার হ্রাসের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। এছাড়াও গর্ভকালীন এবং প্রসব পরবর্তী সেবা আরোও বর্ধিত করার উপর জোর দেয়া হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আইজিএভিত্তিক কর্মসূচির আওতায় ১৭৭ জন উপকারভোগীদের মধ্যে ০৯ টি ইউনিয়নে রিফ্রেশার প্রশিক্ষণ সম্পন্ন।<br>অত্র উপজেলার ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | অনুরোধ করা হলো। | কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, গার্ডে ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় রয়েছে।<br>সাম্প্রতিক সময়ে বিব্রতকর পরিস্থিতিতে অত্র উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলামান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে,তথ্য আপা প্রকল্পের কার্যক্রম যথারীতি চলামান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | তথ্য আপা প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য ০২(দুই)টি সমবায় সমিতির নাম জেলা পর্যায়ে প্রেরণের সিদ্ধান্ত হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা জানান, যুবউন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুবউন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, কানাইঘাট বন বিভাগের অধীনে ২০২১-২০২২ সনে সৃজিত ১৫৬ হেক্টর উডলট বাগানে ২০২৩-২০২৪ আর্থিক সনে ১ম দফা রক্ষনাবেক্ষণ,আগাছা পরিষ্কার ও সার প্রয়োগ কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরধীন 'সমগ্র বাংলাদেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত ১০৮ টি পানির উ 'স স্থাপনের বরাদ্দের প্রেক্ষিতে মাননীয় সংসদ সদস্য মহোদয় ইতোমধ্যে ৫৪ টি সাইট তালিকা প্রেরণ করে ছেলেন। যেহেতু সংসদ ভেঙ্গে দেওয়া হয়েছে তাই প্রকল্প পরিচালক মহোদয় একটি পত্র মারফত সংসদ সদস্য মহোদয়ের তালিকা বাতিল করেছেন। পরবর্তী নির্দেশনা পাওয়ার পর আমরা উক্ত প্রকল্পের সাইট বিভাজন করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক সভায় জানান, বোরো মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ৩৬৩ মে.টন ধান সংগৃহিত হয়েছে। উপজেলার ০২(দুই)টি কেন্দ্রে হতে ওএমএস দোকান থেকে প্রতিদিন ১ টন চাল ও ০১ টন আটা বিক্রি হচ্ছে। প্রতি কেজি চালের মূল্যে ৩০(ত্রিশ) টাকা ও প্রতি কেজি আটার দাম ২৪(চব্বিশ) টাকা দরে সুষ্ঠুভাবে বিক্রি হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় ৬৪৬৫ জন গ্রাহকের মধ্যে ব্যাংকের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৯ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৮টি এবং ১১ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভূক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক)উপজেলা প্রশাসক মহোদয়ের সম্মানী;(গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়; (ঙ) উপজেলা পরিষদের আইপিএস ক্রয় বাবদ ব্যয়;(চ) উপজেরা পরিষদের গ্যাস বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>২. সভাপতি,ইসলামী ফাউন্ডেশন উপজেলা প্রতিনিধি উপজেলার পরিষদের মাসিক সভায় অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব করেন।<br>৩. সভায় সভাপতি জানান,উপজেলা পরিষদের কম্পিউটার নষ্ট হয়ে যাওয়ার কারণে সরকারি কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। জরুরী ভিত্তিতে কম্পিউটার মেরামত বা ক্রয় করার প্রয়োজন বলে সভায় প্রস্তাব করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইসলামী ফাউন্ডেশন উপজেলা প্রতিনিধিকে উপজেলার পরিষদের মাসিক সভায় অর্ন্তভুক্ত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩. উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত হলে মেরামত করা হবে এবং মেরামত না হলে ক্রয় করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৮/২০২৪

ফারজানা নাসরীন
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.০৯(৩৭)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩১
২৮ আগস্ট ২০২৪

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা --------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৮/০৮/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner